গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৫.২১.১১৪

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৮
২২ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়: দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নের জন্য সরকারি চিকিৎসকদের 'প্রেষণ মঞ্জুর সেবা' সহজীকরণ**

সরকারি চিকিৎসকগণ দেশের অভ্যন্তরে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য প্রেষণ মঞ্জুরের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব স্ব অধিদপ্তরে প্রেরণ করে থাকেন। একজন চিকিৎসককে তার কর্মস্থল অনুযায়ী পর্যায়ক্রমে উপজেলা/জেলা/বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে তার সংশ্লিষ্ট অধিদপ্তরে আবেদন প্রেরণ করতে হয়। সংশ্লিষ্ট অধিদপ্তর আবেদন পর্যালোচনাপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করে থাকে। স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরিত আবেদনগুলো প্রেষণ মঞ্জুরের জন্য নথিতে উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়ে থাকে। পরবর্তীতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে প্রেষণ আবেদন মঞ্জুর/নামঞ্জুর করা হয়। এ দীর্ঘ প্রক্রিয়ায় প্রেষণ পাওয়ার ক্ষেত্রে একজন চিকিৎসককে অনেক সময়, শ্রম ও অর্থ ব্যয় করতে হয়। প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতার জন্য অনেক সময় কোর্স শুরু হওয়ার ২/৩ মাস পর জি.ও. জারি হয়। ফলে শিক্ষার্থীগণকে বিলম্বে কোর্সে যোগদান করতে হয়।

০২। চিকিৎসকদের প্রেষণ মঞ্জুরের আবেদন স্বাস্থ্য অধিদপ্তরের HRIS এর মাধ্যমে Online এ গ্রহণ করা হলে এ সেবাটি আরও সহজতর উপায়ে প্রদান করা সম্ভব হবে।

০৩। এমতাবস্থায়, চিকিৎসকদের প্রেষণ মঞ্জুর সেবা সহজীকরণের রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত রোডম্যাপ অনুযায়ী উচ্চতর কোর্সে অধ্যয়নের নিমিত্ত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সরকারি চিকিৎসকগণ নির্ধারিত ফরম্যাটে (কপি সংযুক্ত) স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ক্লিয়ারেন্সসহ সরাসরি স্ব-স্ব অধিদপ্তরের Web Portal এ আবেদন করবেন। স্ব-স্ব অধিদপ্তর আবেদন পর্যালোচনাপূর্বক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট শাখা আবেদন যাচাই-বাছাই করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি.ও. জারি করবে।

০৪। সেবা সহজীকরণের বর্ণিত প্রক্রিয়াটি প্রাথমিকভাবে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের চিকিৎসকগণের জন্য অনুসৃত হবে। পরবর্তীতে অন্যান্য চিকিৎসকগণের জন্য অনলাইন প্লাটফর্ম প্রস্তুত হলে একই প্রক্রিয়ায় সেবা সহজীকরণ করা হবে।

০৫। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: ০২ (দুই) পাতা বর্ণনামতে

22/02/2022
(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব
ফোন নং-৯৫৪০৭৩০
e-mail: me1@mefwd.gov.bd

বিতরণ:
০১. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০২. ভাইস-চ্যান্সেলর, ............................ মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
০৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
০৫. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৭. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৮. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, বিজয় নগর, ঢাকা
০৯. সভাপতি, বাংলাদেশ কলেজ অফ ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্, মহাখালী, ঢাকা
১০. যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১১. পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১২. পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা **(স্বাস্থ্য অধিদপ্তরের HRIS এর মাধ্যমে Online-এ আবেদন গ্রহণের জন্য প্রস্তুতকৃত প্লাটফর্ম চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)**
১৩. ডীন, চিকিৎসা অনুষদ........................................বিশ্ববিদ্যালয় (সকল)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৪. অধ্যক্ষ, .........................................সরকারি মেডিকেল কলেজ (সকল)
১৫. অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা
১৬. পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই), মহাখালী, ঢাকা
১৭. পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা
১৮. পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল (এনআইডিসিএইচ), ঢাকা
১৯. পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা
২০. পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সাইন্স, ঢাকা
২১. পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সাইন্স, বিএসএমএমইউ ক্যাম্পাস, শাহবাগ, ঢাকা
২২. পরিচালক, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনষ্টিটিউট (আইসিএমএইচ), মাতুয়াইল, ঢাকা
২৩. পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর,ঢাকা
২৪. পরিচালক, জাতীয় কিডনী হাসপাতাল (নিকডু), শের-ই-বাংলা নগর, ঢাকা
২৫. পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান(নিটোর), শের-ই-বাংলা নগর, ঢাকা
২৬. পরিচালক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর,ঢাকা
২৭. পরিচালক, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা
২৮. পরিচালক, জাতীয় নাক, কান ও গলা ইনস্টিটিউট, ঢাকা
২৯. পরিচালক, শেখ হাসিনা বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিট, ঢাকা
৩০. পরিচালক, জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম), মহাখালী, ঢাকা
৩১. পরিচালক, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩২. পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস (বিআইটিআইডি), চট্টগ্রাম
৩৩. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩৫. উপসচিব (চিকিৎসা শিক্ষা-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)

নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৫.২১.১১৪

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৮ / ২২ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০২। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৩। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

22.02.'22

(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব

# দেশের অভ্যন্তরে সরকারি চিকিৎসকদের প্রেষণ মঞ্জুর

## সেবা সহজীকরণের রোড ম্যাপ

## বর্তমান পদ্ধতি

### মেডিকেল কলেজ/আইএইচটি/ম্যাটস পর্যায় থেকে আবেদন

- ধাপ: ০১ — উচ্চতর কোর্সে অধ্যয়নের নিমিত্ত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সরকারি চিকিৎসক নির্ধারিত ফরমে অধ্যক্ষ, মেডিকেল কলেজ/আইএইচটি/ম্যাটস বরাবর ম্যানুয়ালি আবেদন করেন
- ধাপ: ০২ — মেডিকেল কলেজ/আইএইচটি/ম্যাটস হতে আবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়
- ধাপ: ০৩ — স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর আবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন সাপেক্ষে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করে
- ধাপ: ০৪ — স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট শাখায় আবেদন যাচাই-বাছাই
- ধাপ: ০৫ — সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অনুমোদনক্রমে জি.ও. জারি

### মেডিকেল কলেজ হাস:/বিশেষায়িত হাসপাতাল পর্যায় থেকে আবেদন

- ধাপ: ০১ — উচ্চতর কোর্সে অধ্যয়নের নিমিত্ত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সরকারি চিকিৎসক নির্ধারিত ফরমে পরিচালক/প্রতিষ্ঠান প্রধান বরাবর ম্যানুয়ালি আবেদন করেন
- ধাপ: ০২ — মেডিকেল কলেজ হাস:/বিশেষায়িত হাসপতাল হতে আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়
- ধাপ: ০৩ — স্বাস্থ্য অধিদপ্তর আবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করে
- ধাপ: ০৪ — স্বাস্থ্য সেবা বিভাগ হতে আবেদন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করে
- ধাপ: ০৫ — স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট শাখায় আবেদন যাচাই-বাছাই
- ধাপ: ০৬ — সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অনুমোদনক্রমে জি.ও. জারি

### জেলা পর্যায় থেকে আবেদন

- ধাপ: ০১ — উচ্চতর কোর্সে অধ্যয়নের নিমিত্ত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সরকারি চিকিৎসক নির্ধারিত ফরমে সিভিল সার্জন/তত্ত্বাবধায়কের কার্যালয়ে **ম্যানুয়ালি আবেদন** করেন
- ধাপ: ০২ — সিভিল সার্জন/তত্ত্বাবধায়কের অফিস হতে আবেদন বিভাগীয় পরিচালক এর কার্যালয়ে প্রেরণ করা হয়
- ধাপ: ০৩ — বিভাগীয় পরিচালকের কার্যালয় হতে আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়
- ধাপ: ০৪ — স্বাস্থ্য অধিদপ্তর আবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করে
- ধাপ: ০৫ — স্বাস্থ্য সেবা বিভাগ হতে আবেদন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করে
- ধাপ: ০৬ — স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট শাখায় আবেদন যাচাই-বাছাই
- ধাপ: ০৭ — সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অনুমোদনক্রমে জি.ও. জারি

### উপজেলা পর্যায় থেকে আবেদন

- ধাপ: ০১ — উচ্চতর কোর্সে অধ্যয়নের নিমিত্ত ভর্তি পরীক্ষায় উত্তীরণ সরকারি চিকিৎসক নির্ধারিত ফরমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে **ম্যানুয়ালি আবেদন** করেন
- ধাপ: ০২ — উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে আবেদন সিভিল সার্জন অফিসে প্রেরণ করা হয়
- ধাপ: ০৩ — সিভিল সার্জন অফিস হতে আবেদন বিভাগীয় পরিচালক এর কার্যালয়ে প্রেরণ করা হয়
- ধাপ: ০৪ — বিভাগীয় পরিচালকের কার্যালয় হতে আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়
- ধাপ: ০৫ — স্বাস্থ্য অধিদপ্তর আবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করে
- ধাপ: ০৬ — স্বাস্থ্য সেবা বিভাগ হতে আবেদন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করে
- ধাপ: ০৭ — স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট শাখায় আবেদন যাচাই-বাছাই
- ধাপ: ০৮ — সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অনুমোদনক্রমে জি.ও. জারি

## নতুন পদ্ধতি

### সকল ধরনের প্রতিষ্ঠান থেকে আবেদন

- ধাপ: ০১ — উচ্চতর কোর্সে অধ্যয়নের নিমিত্ত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সরকারি চিকিৎসক নির্ধারিত ফরম্যাটে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ক্লিয়ারেন্সসহ সরাসরি স্ব-স্ব অধিদপ্তরের **Web Portal** এ আবেদন করবেন
- ধাপ: ০২ — স্ব-স্ব অধিদপ্তর আবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন সাপেক্ষে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে
- ধাপ: ০৩ — স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট শাখায় আবেদন যাচাই-বাছাই
- ধাপ: ০৪ — সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অনুমোদনক্রমে জি.ও. জারি

বরাবর
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণ: উপসচিব (চিকিৎসা শিক্ষা-১)

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: <u>চিকিৎসা শিক্ষায় স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের লক্ষ্যে প্রেষণ মঞ্জুরের আবেদন</u>

**ছক-ক (আবেদনকারীর তথ্য)**

| চিকিৎসকের নাম/পদবি ও কর্মস্থল | বয়স ও জন্ম তারিখ | আবেদনকৃত কোর্সের নাম ও প্রতিষ্ঠান | পূর্বে ভোগকৃত প্রেষণ/শিক্ষা ছুটি/ অসাধারণ ছুটির মেয়াদ কাল | ফেজ-এ/ ১ম/২য়/ পর্ব পাশের সন ও পাশের মার্কশীট | আবেদনকৃত প্রেষণের মেয়াদ | ইউনিয়ন/উপজেলা পর্যায়ে চাকুরির মেয়াদ ০২ বছর হয়েছে কি-না/চাকরিতে যোগদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| প্রেষণ নীতিমালার প্রযোজ্য অনুচ্ছেদ নম্বর | | | | | | | |

০১। প্রেষণ নীতিমালার সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।
০২। প্রার্থীত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণক সংযুক্ত করা হয়েছে (আপলোড)।
০৩। এ সংক্রান্ত অঙ্গীকারনামা সংযুক্ত করা হয়েছে (আপলোড)।
০৪। প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে বিভাগীয় শাস্তি মূলক ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ (আপলোড)

* HRIS-এ ইতোমধ্য ছবি আপলোড করা না থাকলে ছবি আপলোড করতে হবে।

**ছক-খ (নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন)**

ইস্যু নম্বর: তারিখ:

- HRIS যাচাই করা হয়েছে। প্রদত্ত তথ্য সঠিক পাওয়া গেছে।
- আবেদনকারীকে 'ছক ক' এ বর্ণিত কোর্স অধ্যয়নের জন্য প্রেষণ মঞ্জুর করা হলে তার বর্তমান কর্মস্থলে চিকিৎসা সেবা/শিক্ষা কার্যক্রম চালিয়ে নেয়া যাবে। প্রেষণ মঞ্জুর করা যায়।
- অন্য কোন মন্তব্য (যদি থাকে):

........................................................................................................

| স্বাক্ষর ও তারিখ: (আপলোড) | প্রতিস্বাক্ষর ও তারিখ: (আপলোড) |
|---|---|
| (ইউএইচএফপিও/বিভাগীয় প্রধান) | (সিভিল সার্জন/অধ্যক্ষ/পরিচালক) |

**ছক-গ (স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের প্রত্যয়ন)**

ইস্যু নম্বর: তারিখ:

- প্রেষণ মঞ্জুর করা যায়।
- অন্য কোন মন্তব্য (যদি থাকে):

--এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

স্বাক্ষর ও তারিখ: (আপলোড)

পরিচালক (প্রশাসন)/চিকিৎসা শিক্ষা